দৈনিক ইত্তেফাক

141

তারিখ ২৩ JUL 1990
পৃষ্ঠা ১ কলাম ৪

## ঢাকা ভার্সিটির শিক্ষক ও ছাত্রদের জন্য প্রেসিডেন্টের ৪টি বাস দান

প্রেসিডেন্ট এরশাদ গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য দুইটি মাইক্রোবাস ও ছাত্রদের জন্য দুইটি বাস দান করিয়াছেন। বাসস জানায়, প্রেসিডেন্ট প্রেসিডেন্টের সচিবালয়ে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিয়ার

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি

(১ম পৃঃ পর)

নিকট আনুষ্ঠানিকভাবে বাসগুলির চাবি হস্তান্তর করেন। প্রধানমন্ত্রী ও শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কাজী জাফর আহমদ, প্রাথমিক শিক্ষা সংক্রান্ত প্রেসিডেন্টের উপদেষ্টা মনসুর আলী সরকার, শিক্ষা সচিব আ, ন, ম, ইউসুফ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন আহমদ সেসময় উপস্থিত ছিলেন। ইতিপূর্বে প্রেসিডেন্ট এরশাদ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৫০টি বাস ও মিনিবাস দান করেন যাহার মধ্যে ৬টি ঢাকা বিশ্ববিদ্যালয়কে প্রদান করা হয়।